

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬০

আগরতলা, ৭ জুন, ২০২৪

৫৭-মাউন্টেন আর্টিলারি ব্রিগেড পরিদর্শনে রাজ্যপাল



রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু আজ আগরতলাস্থিত ৫৭-মাউন্টেন আর্টিলারি ব্রিগেড পরিদর্শন করেন। রাজ্যপাল সেখানে গিয়ে পৌঁছালে ৫৭-মাউন্টেন আর্টিলারি ব্রিগেডের কমান্ডার ব্রিগেডিয়ার বি কে পান্ডা তাঁকে স্বাগত জানান। পরিদর্শনকালে সেনা জওয়ানগণ রাজ্যপালকে বিভিন্ন ধরনের সামরিক সরঞ্জাম প্রদর্শন করেন। পরিদর্শনের সময় রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু সেনা আধিকারিক ও জওয়ানদের সাথে মতবিনিময় করেন। দেশের নিরাপত্তায় সেনাবাহিনীর গুরুত্বপূর্ণ ভূমিকার জন্য রাজ্যপাল তাদের অভিনন্দন জানান। ত্রিপুরার যুবকদের সেনাবাহিনীতে যোগদানে উদ্বুদ্ধ করার জন্য এবং ত্রিপুরার সংস্কৃতি ও পর্যটনকেন্দ্রগুলিকে সারা দেশে পরিচিত করার জন্য রাজ্যপাল সেনা আধিকারিক ও জওয়ানদের প্রতি আহ্বান জানান। রাজভবন থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।
